বচন নকরেক এর

হাইকু



প্রকাশক
বাংলার ই-বই
www.banglar-eboi.com

বচন নকরেক এর হাইকু



বচন নকরেক
জন্ম ঃ ২০ অগাস্ট, ১৯৭২

পূর্বপ্রকাশিত বই

ইচ্ছেবন ইচ্ছে পাহাড়
ইচ্ছে পাহাড়ের মেয়ে
অনেক মৃত্যু আগে
জলটঙ (ই- বই)
পাখিভোজ (ই- বই)
বিরহবাড়ি (ই- বই)

উৎসর্গ

পশ্চিমবঙ্গের কবি

সুবীর সরকারকে



বচন নকরেক এর হাইকু
কবিতার ইবুক

গ্রন্থস্বত্ব
বচন নকরেক

ই-বুক প্রকাশকাল
জুন, ২০১৪
জ্যৈষ্ঠ, ১৪২১

প্রচ্ছদ
আজম মাহমুদ

ই-বুক নির্মাণ ও
সার্বিক যোগাযোগ
সৈয়দ রায়হান বিন ওয়ালী
ই-মেইলঃ rayhan_66@hotmail.com
মুঠোফোনঃ ০১৮১৭৬১৭৭৬৪
ও
আজম মাহমুদ
ই-মেইলঃ ajombd@gmail.com
মুঠোফোনঃ ০১৭১৫৫৫১৮১৬

বাংলার ই-বই
ঢাকা, বাংলাদেশ
www.banglar-eboi.com



বচন নকরেক এর হাইকু



০১.
পাখির হাট,
ঘুঘু, পাপিয়া টিয়া
শিকলি বাঁধা...

০২.
মুক্ত ফড়িং,
উড়ছে তার মতো;
স্বপ্ন অসীম...

০৩.
তবুও একা,
চেনা পাখির ভিড়ে
মুকুটে কাঁটা...



০৪.

শিকল পরা
পাখি খাঁচায়, মুক্ত
ক'রে দিলাম...

০৫.

কেমন তুমি,
লাল ডুরে শাড়িতে!
মরি পিরিতে...

০৬.

দোয়াত-বাতি,
বাতাসে নিভুনিভু
আলোর খেলা...



০৭.

পাতার নৌকা,
ডুবে আবার জাগে
বাঁধন হারা...

০৮.

গোঁয়ার মেঘ,
ঝড়জল ঝরাচ্ছে
এই বৈশাখে...

০৯.

যে ঘর ভাঙে
সে কি বোঝে, কী কষ্ট!
গৃহহীনের...



১০.

বন্ধ্যা মৃত্তিকা,
অনাবাদী খেতের
অপুষ্ট পদ্য...

১১.

নি:স্ব শিমুল,
ঝরে গ্যাছে ফুলেরা
মেঘলা মন...

১২.

কাঁচের গাছ,
জলে মোড়ান দেহ
কাঁদছে একা...



১৩.

বৃক্ষ কর্তন,
কষ ঝরার শব্দ ;
মৃত্যু যাতনা ...

১৪.

নিষ্পত্র ডালে
পাখিরাও আসেনি ;
কেন এল না?

১৫.

কাঠ খরম,
দুপুরে রোদ দলে
যাচ্ছে একাই...



১৬.

উঠোনে আড্ডা
ভুত-প্রেত, ঈশ্বর ;
চুপ সবাই...

১৭.

নতুন পাতা
বাতাসে নাচে, হাসে
বৈশাখী রোদে...

১৮.

চেনা মুখটা
মনে পড়ল ক্যান ?
আকাশে বৃষ্টি...



১৯.

মেঘের কষ
লোনা জমছে মনে;
ভিজবে ? এসো-

২০.

পালকে কষ,
কষ গললে বৃষ্টি
বুকে শ্রাবণ...

২১.

প্রাচীন বৃক্ষ !
নিচে বাতিল কথা
উড়ছে বেগে...



২২.

শিকড়ে ক্ষুধা!
আতর গন্ধে মুগ্ধ
সুখ বিলাস...

২৩.

রোদ বারান্দা
আসা-যাওয়া খেলা,
আধারে ডুবে...

২৪.

কেউ তো ছিলো
দিন ডোবার আগেঃ
এখন রাত্রি...



২৫.

দৌড়ুচ্ছে নৌকো।
মাঝি, আর কত রে---!
ভাঙা নৌকো যে...

২৬.

বন-পাহাড়ে
পাতা ঝরার গান।
মর্মরে কান্না...

২৭.

নিষ্ফলা জমি,
আইলের শামুক
আর ফিরেনি...?



২৮.

নিষ্পত্র বৃক্ষ
তল, কে যেন নেই
কান্না -আবার

২৯.

স্মার্ট ফোনের
গান, ঘুম ভাঙলো
পাখির ডাকে...

৩০.

বাঁশের বাঁশি,
রাত দুপুরে বাজে
আমারি ঠোঁটে...



৩১.

বগলে সেন্ট,
আতর গলা ভোর
গন্ধ মাতাল...

৩২.

এই চন্দ্রপ্রভা,
জল আয়না মুখ
তোমার মতো...

৩৩.

বিস্তীর্ণ বিল,
জল উল্লোলে দোলে
মাটির গুহা...



৩৪.

পিদিম জ্বলে,
ভাবোদ্বেল সন্ধ্যায়
নিদয় তন্দ্রা...

৩৫.

পুষ্পিত বন,
প্রোথিত স্বপ্ন জাগে
লব্ধ পুরাণ...

৩৬.

শৈত্য প্রবাহ,
পাতারা নাচে, দোলে
কী যেন ভেবে...



৩৭.

যেতে চাই না,
তবু যাবার তাড়া...
দোয়ারে কড়া...

৩৮.

শুন্য এ বুক,
আরণ্যক বেদনা;
পোড়া এ মুখ...

৩৯.

আলসে রোদ,
ছিলাম তো আমিও
বাড়িয়ে মুখ...



৪০.

উড়ছে ডানা,
লাল, নীল বেগুনি
কোনটা তুমি ?

৪১.

ন্যাড়া পাহাড়,
ব্রা পরা স্তন যেন-
কুয়াশা মোড়া...

৪২.

খামার নেই,
তবু পশু খামার,
বাড়ান শিং...



৪৩.

মজেই গেছি
ঠোঁটের অন্ধকারে ;
গিলাস গিলে...

৪৪.

পকেট ভরা,
তবু দিলে যখন
রেখে দিলাম...

৪৫.

কুয়াশা পরি,
ধোঁয়া ছুড়ানো বিড়ি ;
উড়াল উড়ে –



৪৬.

চোয়ালে ডানা,
ফড়িঙ খেকো মাছ
হাসছে দেখ...

৪৭.

দৌড়ুচ্ছে ব্যাঙ,
জলে হেঁটে ক্যামনে!
আমিও দেখি...

৪৮.

জলের ত্বকে
রোদ লেগেছে, উষ্ণ
বাষ্প উড়ছে...



৪৯.

জলনূপুর,
বাজে ছলাৎ ছল
হাওর জলে...

৫০.

গলুই নাচে
ঢেউয়ের ধাক্কায়,
ঝিমুয় মাঝি...

৫১.

বরফ গলা
জল, ঝরছে চোখে
মাথায় ঋণ...



৫২.
ক্রৌঞ্চ মিথুন,
জলচুড়ির শব্দে
নাচে তা-ধি-না....

৫৩.
কাঁধে জোঁয়াল,
গোঁয়ার ষাঁড় ছুটে
যায়, মৌ লোভে...

৫৪.
ফিরোজা সন্ধ্যা,
বেসামাল আবেগ
জ্বলন্ত চিতা...



৫৫.

জোছনা নিশী,
কুয়াশা ভেজা মেঘ;
লুপ্ত আবেগ...

৫৬.

বুনো পায়রা,
পরের চালে থাকে
গানও গায়...

৫৭.

বীজের চোখ,
অবগুন্ঠন ভাঙ্গে;
স্বর্গ দখলে...



৫৮.


বেহাগ বাজে,
অতীত কেঁদে ওঠে
নির্ঘুম চোখে...

৫৯.

নিষ্পত্র গাছে
এত কুয়াশা জমে!
মৃত্যু নিকটে...

৬০.

নত আকাশে,
অনুপম আনন্দ
ছড়ানো যেন...



৬১.

ভাবুক কাক,
ল্যাম্পপোস্টে ঝিমুচ্ছে;
বাদল দিনে...

৬২.

পতন প্রিয়
আমিও, জলাবদ্ধ-
হাওর বিলে...

৬৩.

নিভৃতে থাকি,
অনেকদিন গান
শুনিনা তমা...



৬৪.

তম, ঘুমাচ্ছো ?
শালবনে ভীষণ
শামুক শীত...

৬৫.

না, জেগে নেই
ঐ শীতের অরণ্যে
হারানো চিঠি...

৬৬.

আমি কি চাঁদ,
যে আলো দেবো? দিতে
পারি চুম্বন ...



৬৭.


শৈত্য প্রবাহ,
পাতারা নাচে, দুলে
কি যেন ভেবে...

৬৮.

ভেলকিবাজি,
হাত- সাফাই বিদ্যা;
বলি ম্যাজিক...

৬৯.

সুর লহরি,
সাঁটানো হিউমাসে
জ্যোস্না প্রভায়...



৭০.

কষ্ট কবিতা,
আগুন পেলে নাচে
ফড়িঙ যেন...

৭১.

লিখছি চিঠি,
ভালোলাগা বৃষ্টিরা
ঝরছে দ্যাখ...

৭২.

চাঙ্গা হাওয়া!
চুমকুড়ি খেলো না
চপলা মেয়ে...



৭৩.

জুয়ার আড্ডা,
জাগো, জিততে হোবে-
ঝিঁমুলে হার...

৭৪.

উষ্ণ অধর,
চুম্বন ভেজা চোখ
ঋদ্ধ এ বুক...

৭৫.

রিক্ত পেয়ালা,
গোমড়া এই রাতে
ঘুঙড়ু কাঁদে...



৭৬.

মাতাল চোখ,
দেখাবে না , বোতাম
খোলা আকাশ ?

৭৭.

দেয়ালচিত্র!
একা দাঁড়িয়ে ঋজু ;
হার্দ মৃত্তিকা...

৭৮.

একঘেয়েমি!
উসখুস নিশীথে
জোছনা ঝরে...



৭৯.

দিঘল গুহা ।
পাংশুল গোধূলি,
পঙ্কিল পথ...

৮০.

পুতুল নাচ!
দ্রৌপদী মুদ্রা, মুগ্ধ
পুরাণ মন...

৮১.

উতল বন,
পাতা ঝরার দিন;
ঝরতে দাও...



৮২.

একটু চাই
বুক খোলা জমিন,
কৃষক আমি...

৮৩.

অরণ্যমুখী
গাছগুলো, অরণ্যে
হ'য় বিলীন...

৮৪.

নূতন পাতা,
শালবীথি অরণ্যে;
মুখর পাখি...



৮৫.

চিকন ঠোঁট,
বুকে তোলে তরঙ্গ;
লজ্জাবতী সে...

৮৬.

বৃক্ষের ত্বকে
লাবণ্য প্রভা, মুগ্ধ
ভোরের পাখি...

৮৭.

রোদ পোহাচ্ছে
হরিণগুলো; হিম
নিথর ঘাসে...



৮৮.

আকাশে হাসে,
পরাঙ্মুখ তৃণের
জলজ ছবি...

৮৯.

লাজবতী মৌ,
ফিরে গ্যাছে আবার
অরণ্যে একা...

৯০.

জ্যৈষ্ঠ মধুর,
আম-দুধ কাঁঠালে
ঋতু বদলে...



৯১.
জ্যৈষ্ঠ গরমে
হাত পাখা উড়ছে,
স্তব্ধ দুপুরে...

৯২.
স্যাঁতসেঁতে এই
বেঁচে থাকা, জীবন
শিকল-পরা...

৯৩.
জীবন পদ্য;
লিখছো যে, না থেমে
বিস্মৃত কথা...



৯৪.

রিক্ত কলম,
কি যে লিখি তোমায়
রুদ্ধ কথারা...

৯৫.

সন্ধ্যা আসর;
পেয়ালা খালি, দেবে?
নেশার মজা...!